**সম্প্রসারিত উত্তরা (৩য় পর্ব) আবাসিক এলাকায় প্রাতিষ্ঠানিক প্লট**

**স্কুল (বাংলা/ইংরেজি মাধ্যম), কলেজ ও মাদ্রাসা বরাদ্দের**

# প্রসপেক্টাস-২০২৬




# রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ

## রাজউক ভবন, ঢাকা-১০০০।

www.rajuk.gov.bd

**রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ**

**রাজউক ভবন, ঢাকা।**

| |
|---|
| সম্প্রসারিত উত্তরা (৩য় পর্ব) আবাসিক এলাকায় প্রাতিষ্ঠানিক প্লট<br>স্কুল (বাংলা/ইংরেজি মাধ্যম), কলেজ ও মাদ্রাসা বরাদ্দের প্রসপেক্টাস-২০২৬ |

১। সম্প্রসারিত উত্তরা (৩য় পর্ব) আবাসিক এলাকায় স্কুল (বাংলা/ইংরেজি মাধ্যম), কলেজ ও মাদ্রাসা প্রতিষ্ঠান এর জন্য কম/বেশী ১.৬৬ বিঘা আয়তনের ৩০ (ত্রিশ) টি প্রাতিষ্ঠানিক প্লট বরাদ্দ দেয়া হবে।

২। স্কুল (বাংলা/ইংরেজি মাধ্যম), কলেজ ও মাদ্রাসা স্থাপনে আগ্রহী প্রতিষ্ঠানকে রাজউক ভবনস্থ জনতা/সোনালী/অগ্রণী ব্যাংক, রাজউক ভবন কর্পোরেট শাখা, ঢাকা হতে টাকা ৫,০০০/- (পাঁচ হাজার) মাত্র (অফেরতযোগ্য) প্রদান করে আগামী ০১/০৬/২০২৬ খ্রি. তারিখ হতে আবেদনপত্রের ফরম ও প্রসপেক্টাস সংগ্রহ করা যাবে এবং একই ব্যাংকে আগামী ৩০/০৬/২০২৬ খ্রি. তারিখের মধ্যে আবেদনপত্র জমা প্রদান করতে হবে।

৩। আবেদনকারী প্রতিষ্ঠান রাজউক ওয়েবসাইট (www.rajuk.gov.bd) হতে আবেদন পত্রের ফরম ও প্রসপেক্টাস ডাউনলোড করে প্রসপেক্টাসে বর্ণিত শর্তাবলী পূরণসাপেক্ষে চেয়ারম্যান, রাজউক বরাবর নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র প্রেরণ করতে পারবেন। তবে আবেদনপত্র প্রক্রিয়াকরণ বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা মাত্র (অফেরতযোগ্য) জামানতের সঙ্গে পৃথক পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট এর মাধ্যমে জমা প্রদান করতে হবে।

৪। আবেদনকারী প্রতিষ্ঠানকে জামানত হিসাবে ২০ (বিশ) লক্ষ টাকা চেয়ারম্যান, রাজউক এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে জনতা/সোনালী/অগ্রণী ব্যাংক, রাজউক ভবন কর্পোরেট শাখায় জমা দিতে হবে।

৫। নির্বাচিত আবেদনকারীগনকে নিম্নোক্ত ছকে উল্লেখিত কাঠা প্রতি মূল্য পরিশোধ করতে হবে।

| **প্রতিষ্ঠানের ধরন** | **বাংলাদেশ বসবাসরত আবেদনকারীদের ক্ষেত্রে (টাকা কাঠা প্রতি)** |
|---|---|
| স্কুল (বাংলা/ইংরেজী) | ৩০ লক্ষ (বাংলা) |
| | ৫০ লক্ষ (ইংরেজী) |
| কলেজ | ৩০ লক্ষ |
| মাদ্রাসা | ২০ লক্ষ |

৬। বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠান প্রদত্ত জামানতের টাকা জমির মূল্যের ১ম কিস্তি অথবা এককালীন প্রদেয় টাকার সাথে সমন্বয় করা হবে।

৭। যে সকল আবেদনকারী প্রতিষ্ঠান এই প্রকল্পের জন্য প্রণীত নীতিমালা অনুযায়ী প্লট বরাদ্দের জন্য বিবেচিত হবেন না তাদের জামানতের টাকা প্রতিষ্ঠানের ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি যার নামে কোন ব্যাংক একাউন্টের মাধ্যমে ফেরত নিতে চান তা অবশ্যই দাখিলকৃত আবেদনপত্রের নির্ধারিত কলামে উহা উল্লেখ করতে হবে। তার উল্লিখিত ব্যাংকের হিসাব নম্বরে জামানতের টাকা ফেরত দেয়া হবে। তবে উক্ত টাকার উপর কোন সুদ/মুনাফা প্রদান করা হবে না।

৮। প্রাতিষ্ঠানিক প্লটের মূল্য এককালীন অথবা ০৩টি বাৎসরিক কিস্তিতে পরিশোধযোগ্য। কিস্তিতে প্রদানের ক্ষেত্রে কিস্তি গ্রহণের সুবিধা ফি প্রদান করতে হবে। ১ম কিস্তি হিসাবে প্লটের মূল্যের ৪০% (জমাকৃত জামানতের টাকা সমন্বয় করতঃ) এবং অবশিষ্ট ৬০%, ০২ (দুটি) বাৎসরিক কিস্তিতে পরিশোধ করতে হবে।

৯। আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত কাগজপত্রাদি দাখিল করতে হবেঃ

(ক) আবেদনপত্র ও প্রসপেক্টাস ক্রয়ের মূল ব্যাংক রশিদ এবং জামানতের অর্থ জমাদানের রশিদ বা প্রমাণক;

(খ) আবেদনকারীর ছবি;

(গ) জাতীয় পরিচয়পত্র বা পাসপোর্টের অনুলিপি;

(ঘ) হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রমাণক;

(ঙ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সম্পর্কিত সরকারি সংস্থার নিবন্ধন সনদ;

(চ) ১০ (দশ) বৎসরের প্রতিষ্ঠান পরিচালনার প্রাক অভিজ্ঞতা বিষয়ে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র

(ছ) কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী অন্য কোনো দলিলাদি।

(জ) সরকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন স্বীকৃতির সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(ঝ) প্রতিষ্ঠানটি বে-সরকারী হলে উহার পরিচালনা কমিটির সিদ্ধান্তের কপি আবেদনপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে।

(ঞ) সংশ্লিষ্ট আয়কর অফিস হতে ইস্যুকৃত সর্বশেষ কর বৎসরের আয়কর সনদপত্র ও হালনাগাদ আয়কর রিটার্ণ দাখিলের প্রমাণক দাখিল করতে হবে।

(ট) আবেদনকারী প্রতিষ্ঠান এর বর্তমান আর্থিক অবস্থার বিবরণ এর সমর্থনে আইটি ১০বি এর সার্টিফাইড কপি দাখিল করতে হবে।

(ঠ) আবেদনকারী প্রতিষ্ঠান এর পূর্ণাঙ্গ তথ্যাবলী সমন্বিত পরিকল্পনার (প্রজেক্ট প্রোফাইল) কপি দাখিল করতে হবে।

(ড) অর্থের উৎস যদি কোন প্রতিষ্ঠান/ সংস্থা/ বৈদেশিক দাতা সংস্থার হয় সেক্ষেত্রে তাদের সাথে সম্পাদিত চুক্তিনামা (Deed of Agrement) দাখিল করতে হবে।

(ঢ) কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী অন্য কোন দলিলাদি।

১০। রাজউক উক্ত এলাকায় কেবল মাত্র মাটি ভরাট, রাস্তাঘাট, ব্রীজ/কালভার্ট নির্মাণ, স্ট্রীট লাইট, ড্রেন নির্মাণ প্রভৃতি কার্যক্রম গ্রহণ করবে। অন্যান্য ভৌত অবকাঠামোগত তথা পানি সরবরাহের নিমিত্তে লাইন স্থাপন, বৈদ্যুতিকীকরণ, পয়ঃনিষ্কাশন ব্যবস্থা ইত্যাদি কার্যক্রম ঢাকা ওয়াসা, ডেসকো, তিতাস গ্যাস ও বিটিটিবি তাদের নিজস্ব কর্মসূচীর আওতায় উক্ত কার্যাদি যথা সময়ে সম্পন্ন করবে।

১১। প্রাতিষ্ঠানিক প্লট যে উদ্দেশ্যে বরাদ্দ প্রদান করা হবে উহা ব্যতিত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না বা উহার শ্রেণি পরিবর্তন করা যাবে না।

১২। কর্তৃপক্ষ প্রাতিষ্ঠানিক প্লটের জন্য বরাদ্দযোগ্য ভূমির পরিমান ও অবস্থান নির্ধারণ করার ক্ষমতা সংরক্ষণ করবে।

১৩। প্রাতিষ্ঠানিক প্লটের মধ্যে Land use plan-এ যেভাবে ভবন নির্মাণের জন্য জমি চিহ্নিত করা আছে ঠিক সেভাবেই ভূমি ব্যবহার করতে হবে। লীজ দলিল রেজিস্ট্রেশনের পর লীজ দলিলের শর্ত মোতাবেক অনুমোদিত নক্সা অনুযায়ী ভবন নির্মাণ করতে হবে।

১৪। প্রাতিষ্ঠানিক প্লটের দখল প্রাপ্তির তারিখ হতে অনধিক ০৪ (চার) বৎসরের মধ্যে নির্মাণ কাজ শুরু করতে হবে এবং অনধিক ০৭ (সাত) বৎসরের মধ্যে প্রস্তাবিত প্রতিষ্ঠান সম্পূর্ণরূপে চালু করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে প্রস্তাবিত প্রতিষ্ঠান চালু করা না হলে বরাদ্দকৃত প্রাতিষ্ঠানিক প্লটের বরাদ্দ বাতিল বলিয়া গণ্য হবে। এই মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।

১৫। যে প্রতিষ্ঠান স্থাপনের জন্য প্রাতিষ্ঠানিক প্লট বরাদ্দ প্রদান করা হবে সে প্রতিষ্ঠান স্থাপন করতে না পারলে তা কর্তৃপক্ষ বরাবর ফেরত প্রদান করতে হবে এবং কর্তৃপক্ষ জামানত হিসেবে জমাকৃত অর্থ হতে তদকর্তৃক নির্ধারিত প্রশাসনিক খরচ কর্তন করে অবশিষ্ট জামানতসহ সমুদয় অর্থ ফেরত প্রদান করবে।

১৬। কর্তৃপক্ষ শর্ত (১৫) এ উল্লিখিত ফেরত প্রাপ্ত প্রাতিষ্ঠানিক প্লট রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (ভূমি, প্লট, স্পেস ও ফ্ল্যাট বরাদ্দ) বিধিমালা, ২০২৪ এর বিধান অনুসরণ করে পুনরায় অন্য কোনো উপযুক্ত প্রতিষ্ঠানকে বরাদ্দ প্রদান করতে পারবে।

১৭। রাজউক সম্প্রসারিত উত্তরা (৩য় পর্ব) প্রকল্প এলাকার লে-আউট নকশা প্রয়োজনে পরিবর্তন ও পরিবর্ধন করতে পারবে। বরাদ্দ গ্রহীতা প্রতিষ্ঠান উক্ত পরিবর্তন ও পরিবর্ধন গ্রহণ করতে বাধ্য থাকবেন।

১৮। আবেদনকারী প্রতিষ্ঠান আবেদনপত্রের আইটেম নং-০৬ এ উল্লিখিত ব্যাংক হিসাব নম্বর, ব্যাংকের নাম, ব্যাংকের শাখা, Routing No অবশ্যই পূরণ করতে হবে (যে সকল আবেদনকারী প্রতিষ্ঠান লটারীতে প্লট বরাদ্দের জন্য নির্বাচিত হবেন না তাদের জামানতের অর্থ ফেরত প্রদানের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

১৯। রাজউকের প্রাতিষ্ঠানিক প্লট বরাদ্দের বিধিমালা, নীতিমালা ও অন্যান্য শর্তাবলী মেনে চলতে হবে।

২০। রাজউক যে কোন সময় প্রসপেক্টাসের বিদ্যমান অনুচ্ছেদ, উপ-অনুচ্ছেদ পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন এবং নতুন অনুচ্ছেদ, উপ-অনুচ্ছেদ সংযোজন করার ক্ষমতা সংরক্ষন করে।

২১। অসম্পূর্ণ, ভুল এবং মিথ্যা তথ্য সম্বলিত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। তথ্য গোপন করলে বা ভুল তথ্য পরিবেশন করে বা হলফনামায় মিথ্যা বিবৃতি দিয়ে প্রাতিষ্ঠানিক প্লট বরাদ্দ লাভ করলে প্লটের বরাদ্দ বাতিলপূর্বক জামানতের টাকা বাজেয়াপ্তসহ প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

২২। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ কারণ দর্শানো ব্যতিরেক  যে কোনো আবেদনপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

চেয়ারম্যান<br>
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা